

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

২য় দিনের ভাষণ (خطاب اليوم الثاني)

(১) আব্দুল্লাহ বিন যুবায়ের (রাঃ)-এর বিরুদ্ধে ইয়াযীদ বিন মু'আবিয়া কর্তৃক নিযুক্ত মদীনার গবর্ণর 'আমর বিন সাঈদ ইবনুল 'আছ যখন মক্কায় অভিযানের জন্য সৈন্য প্রেরণ করেন, তখন তাকে উদ্দেশ্য করে বিখ্যাত ছাহাবী আবু শুরাইহ (রাঃ) বলেন, 'হে আমীর! আপনি কি আমাকে সেই ভাষণটি বলার অনুমতি দিবেন, যা আমি নিজ কানে শুনেছি ও নিজ অন্তরে উপলব্ধি করেছি এবং নিজ দুই চোখে দেখেছি, যখন তিনি কথাগুলি বলছিলেন মক্কা বিজয়ের দ্বিতীয় দিনে?

حَمِدَ اللهَ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ: إِنَّ مَكَّةَ حَرَّمَهَا اللهُ وَلَمْ يُحَرِّمْهَا النَّاسُ، فَلاَ يَحِلُّ لِإِمْرِئٍ يُوَّمِنُ بِاللهِ وَالْيَوْمِ الآخِرِ أَنْ يَسْفِكَ بِهَا دَمًا، وَلاَ يَعْضِدَ بِهَا شَجَرَةً، فَإِنْ أَحَدٌ تَرَخَّصَ لِقِتَالِ رَسُولِ اللهِ حصلى الله عليه وسلم: فِيهَا فَقُولُوا إِنَّ اللهَ قَدْ أَذِنَ لِرَسُولِهِ، وَلَمْ يَأْذَنْ لَكُمْ. وَإِنَّمَا أَذِنَ لِى فِيهَا سَاعَةً مِنْ نَهَارٍ، ثُمَّ عَادَتْ حُرْمَتُهَا الْيَوْمَ كَحُرْمَتِهَا بِالأَمْسِ، وَلْيُبَلِّغِ الشَّاهِدُ الْغَائِبَ وواه البخارى _

হামদ ও ছানার পরে তিনি বলেন, 'নিশ্চয়ই মক্কাকে আললাহ হারাম করেছেন। অথচ লোকেরা এটিকে হারাম করেনি। অতঃপর যে ব্যক্তি আল্লাহ ও আখেরাতে বিশ্বাস করে তার জন্য এখানে রক্তপাত ও বৃক্ষ কর্তন হালাল নয়। যদি কেউ আল্লাহর রাসূলের রক্তপাতের দোহাই দিয়ে এটাকে হালাল করতে চায়, তাহ'লে তোমরা বলো, নিশ্চয়ই আল্লাহ তাঁর রাসূলকে অনুমতি দিয়েছিলেন। কিন্তু তোমাদেরকে তিনি অনুমতি দেননি। আর তিনি তো আমাকে অনুমতি দিয়েছিলেন কেবল দিনের কিছু সময়ের জন্য। অতঃপর আজ তার সম্মান ফিরে এসেছে, যে সম্মান ছিল গতকাল। সুতরাং তোমাদের উপস্থিতগণ যেন অনুপস্থিতগণের নিকট পৌঁছে দেয়' (বুখারী হা/১০৪)। উল্লেখ্য যে, উক্ত যুদ্ধে কা'বাগৃহে রক্তপাত হয় এবং আব্দুল্লাহ বিন যুবায়ের (রাঃ) ৭৩ বছর বয়সে মর্মান্তিকভাবে শহীদ হন (ঐ, ফাংহুল বারী)।

(২) আবু হুরায়রা (রাঃ) বলেন,

لَمَّا فَتَحَ اللهُ عَلَى رَسُولِهِ صلى الله عليه وسلم مَكَّة قَامَ فِي النَّاسِ، فَحَمِدَ اللهَ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ : إِنَّ اللهَ حَبَسَ عَنْ مَكَّةَ الْفِيلَ وَسَلَّطَ عَلَيْهَا رَسُولَهُ وَالْمُوْمِنِينَ، فَإِنَّهَا لاَ تَحِلُّ لأَحَد كَانَ قَبْلِى، وَإِنَّهَا أُحِلَّتْ لِي سَاعَةً مِنْ نَهَارٍ وَإِنَّهَا لاَ تَحِلُّ لاَّ تَحِلُّ لاَّ تَحِلُّ لاَّ تَحِلُّ لاَ تَحِلُ لاَ تَحِلُ لاَ تَحِلُ لاَ تَحِلُ لاَ تَحِلُ لاَ تَحِلُ لاَ مَنْشِد، وَمَنْ قُتِلَ لَهُ قَتِيلٌ نَهَارٍ وَإِنَّهَا لاَ تَحِلُ اللَّهِ لِمُنْشِد، وَمَنْ قُتِلَ لَهُ قَتِيلٌ فَهُو بِخَيْرِ النَّظَرَيْنِ، إِمَّا أَنْ يُفْدَى وَإِمَّا أَنْ يُقِيدَ. فَقَالَ الْعَبَّاسُ إِلاَّ الإِذْخِرَ، فَإِنَّا نَجْعَلُهُ لِقُبُورِنَا وَبُيُوتِنَا. فَقَالَ رَسُولُ اللهِ عليه وسلم : إِلاَّ الإِذْخِرَ، فَقَامَ أَبُو شَاهٍ _ رَجُلُ مِنْ أَهْلِ الْيَمَنِ _ فَقَالَ اكْتُبُوا لاَبِي يَا رَسُولَ اللهِ، فَقَالَ رَسُولُ اللهِ عليه وسلم : إلاَّ الإِذْخِرَ، فَقَامَ أَبُو شَاهٍ _ رواه البخاريُّ _

'যখন আল্লাহ তাঁর রাসূলকে মক্কা বিজয় দান করলেন, তখন তিনি লোকদের মধ্যে দাঁড়িয়ে গেলেন। অতঃপর হাম্দ ও ছানা শেষে বলেন, নিশ্চয়ই আল্লাহ মক্কা থেকে হস্তীওয়ালাদের প্রতিরোধ করেছিলেন এবং তার উপরে



তিন তাঁর রাসূল ও মুমিনদের বিজয়ী করেছেন। আমার পূর্বে কারু জন্য এখানে রক্তপাত হালাল ছিল না। দিনের কিছু সময়ের জন্য কেবল আমার জন্য হালাল করা হয়। আর তা আমার পরে কারু জন্য হালাল হবে না। অতএব এখানকার কোন শিকার কেউ তাড়াবে না। এখানকার কোন কাঁটা কেউ উঠাবে না। কোন হারানো বস্তু কেউ কুড়াবে না। তবে উক্ত বিষয়ে প্রচারকারী ব্যতীত। যদি কেউ হত্যা করে, তবে তার উত্তরাধিকারীদের জন্য দু'টি এখতিয়ার থাকবে। তারা চাইলে হত্যার বদলে হত্যা করবে অথবা রক্তমূল্য গ্রহণ করবে। এ সময় আববাস (রাঃ) বললেন, 'ইযখির' الْاِذْخِر) ঘাস ব্যতীত। কেননা এটি আমরা ব্যবহার করে থাকি আমাদের বাড়ী-ঘরের জন্য এবং কবরের জন্য। তখন রাসূল (ছাঃ) বললেন, 'ইযথির' ব্যতীত। এসময় 'আবু শাহ' নামক জনৈক ইয়ামনবাসী উঠে দাঁড়িয়ে বলল, আন তখন রাসূল (ছাঃ) বললেন, 'ইযথির' ব্যতীত। আমাকে লিখে দিন। তখন রাসূল (ছাঃ) বললেন, 'ঠাঁটুং খ্র্নু আব্ শাহকে কথাগুলি লিখে দাও'।[1] রাসূল (ছাঃ)-এর এই নির্দেশের মধ্যে তাঁর জীবদ্দশায় হাদীছ সংকলনের দলীল পাওয়া যায়।

একই রাবী কর্তৃক অন্য বর্ণনায় এসেছে যে, এই দিন রাসূল (ছাঃ)-এর মিত্র বনু খোযা'আহ গোত্রের লোকেরা বনু লাইছ(بَنُو لَيْثِ) গোত্রের জনৈক ব্যক্তিকে হত্যা করে জাহেলিয়াতের সময় তাদের এক ব্যক্তিকে হত্যার বদলা নেয়। একথা জানতে পেরে রাসূলুল্লাহ (ছাঃ) জনগণের উদ্দেশ্যে উক্ত কথা বলেন (বুখারী হা/১১২)।

(৩) এদিনের ভাষণে রাসূলুল্লাহ (ছাঃ) নিকাহে মুৎ আহ চিরকালের জন্য হারাম করে জনগণের উদ্দেশ্যে বলেন, ঠাই وَا نَاللهُ قَدْ حَرَّمَ ذَلِكَ إِلَى يَوْمِ الْقِيَامَةِ فَمَنْ كَانَ أَيُّهَا النَّاسُ إِنِّى قَدْ كُنْتُ أَذِنْتُ لَكُمْ فِي الْاِسْتِمْتَاعِ مِنَ النِّسَاءِ وَإِنَّ اللهُ قَدْ حَرَّمَ ذَلِكَ إِلَى يَوْمِ الْقِيَامَةِ فَمَنْ كَانَ أَيُّهُمُ فَنَ شَيْئًا وَلاَ تَأْخُذُوا مِمَّا آتَيْتُمُوهُنَّ شَيْئًا وَلاَ عَلَيْهُ وَلاَ تَأْخُذُوا مِمَّا آتَيْتُمُوهُنَّ شَيْئًا وَلاَ عَلَيْخُوا وَالْمَالِ وَلاَتُمُوهُنَّ شَيْئًا وَلاَ تَأْخُوا مِمَّا آتَيْتُمُوهُنَّ شَيْئًا وَلاَ تَأْخُوا مِنْ مَا الْقَاتِمُ وَلَا تُعْلَقُوا وَلاَ عَلَيْكُوا مِنْ وَلاَ تُعْلَقُ مِنْ فَا إِلْالْعُلُولُ وَلاَ تَأْخُوا مِنْ الْقَاتِمُ وَلاَ تُعْلِقُوا وَلاَ تَأْخُوا وَلاَ مُنْ وَلاَ تَلْكُولُ وَلاَ تَأْخُوا مِنْ الْفُولُ وَلاَ تَأْخُوا مِنْ وَلاَ تُعْلَقُوا وَلَا تُعْلَقُولُ مِنْ الْفَائِلُولُ وَلَا تُلْكُولُوا مِنْ الْفَائِلُولُ وَلاَ تُلْكُولُ وَلاَ تُعْلِقُوا وَلاَ تُعْلِقُوا وَلاَلُولُ وَلاَ تُلْكُولُوا مِنْ الْفَائِلُولُولُ وَلاَلُولُولُ مِنْ الْفُولُولُ مِنْ الْفُولُولُولُولُ مِنْ الْفُولُولُ مِنْ الْفُلُولُ وَلَا تُلْكُولُولُولُولُولُولُ مِنْ الْفُولُولُ مِنْ اللَّهُ وَلاَلُولُولُ مِنْ ال

ভাষ্যকার ইমাম নববী বলেন, অত্র হাদীছ দ্বারা বিগত সাময়িক হুকুম সমূহ রহিত করা হয়েছে। যেমন কবর যিয়ারত প্রথমে নারীদের জন্য নিষিদ্ধ করা হয়েছিল। পরে তা রহিত করা হয় এবং যিয়ারতের অনুমতি দেওয়া হয়। অত্র হাদীছের মাধ্যমে নিকাহে মুং'আহকে কিয়ামত পর্যন্ত নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে' (ঐ, শরহ নববী)।

ফুটনোট

[1]. বুখারী হা/২৪৩৪; মুসলিম হা/১৩৫৫ প্রভৃতি; ইবনু হিশাম ২/৪১৫ ।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=5593

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন